



Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২০/৭৫

১৮ মে ২০২০ইং

সম্মানিত সদস্যগণের জন্য


প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৬ মে ২০২০ইং তারিখ শ্রমিকদের ঈদ বোনাস সংক্রান্ত একটি সার্কুলার জারি করা হয়, যার সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২০/৭৪। পরবর্তীতে গত ১৭ মে ২০২০ইং তারিখ একটি স্বার্থান্বেষী মহল এতদ্বিষয়ে মালিক/শ্রমিকের মাঝে বিভ্রান্ত ছড়ানোর উদ্দেশ্যে নিম্নস্বাক্ষরকারীর স্বাক্ষর জাল করে পুনরায় একটি সার্কুলার ইডিটিং করে সোশ্যাল মিডিয়া ও অন্যান্য প্রচার মাধ্যমে প্রকাশ করেছে।

অতএব, সম্মানিত সদস্যগণকে এ বিষয়ে বিভ্রান্ত না হয়ে বিজিএমইএ কর্তৃক ১৬ মে ২০২০ইং তারিখ জারিকৃত সার্কুলার অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,


মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব